গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৫৭ তারিখ: ১৯ ফেব্রুয়ারি ২০১৮

**বিষয়** : **ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জানুয়ারি ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ১১ ফেব্রুয়ারি ২০১৮, সময় : সকাল ১১.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | (ক) আর্থিক অনুদান ও মৃত্যুজনিত ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ কর্মকর্তা/ কর্মচারীদের নিকট হতে প্রদত্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়।<br>ইআরপি'র মাধ্যমে কল্যাণ বোর্ডের কার্যক্রম চালু হওয়ায় জানুয়ারি ২০১৮ মাসের রিপোর্টে আর্থিক অনুদান ও মৃত্যুজনিত ক্ষতিপূরণ সংক্রান্ত নথিপত্র নিষ্পত্তির পরিমান আশানুরূপ বৃদ্ধি পায়নি। এমতাবস্থায়, ইআরপি সিস্টেমকে অধিকতর ব্যবহার উপযোগী করে পরবর্তী সময়ে সামগ্রিক কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য মহাপরিচালক সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | ইআরপি সিস্টেমকে অধিকতর ব্যবহার উপযোগী করে পরবর্তী সময়ে সামগ্রিক কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ২.০ | ২ (দুই) মাসের মধ্যে আর্থিক অনুদান প্রদানের বিষয়টি নিশ্চিত করণ | (ক) প্রবাসী কর্মীর পরিবারকে ২ (দুই) মাসের মধ্যে আর্থিক অনুদান প্রদানের বিষয়টি নিশ্চিত করণের লক্ষ্যে মৃতের ওয়ারিশদের সাথে সরাসরি টেলিফোনে যোগাযোগ করে ই-মেইল নম্বর সংগ্রহপূর্বক চাহিদাপত্র প্রেরণ করতে হবে এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি জরুরি ভিত্তিতে ডিইএমওতে জমা দেয়ার জন্য মৃতের পরিবারকে পরামর্শ দিতে হবে। | (ক) ২ (দুই) মাসের মধ্যে আর্থিক অনুদান প্রদানের বিষয়টি নিশ্চিত করণের লক্ষ্যে মৃতের ওয়ারিশদের সাথে সরাসরি টেলিফোনে যোগাযোগ করে ই-মেইল নম্বর সংগ্রহপূর্বক চাহিদাপত্র প্রেরণ এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি জরুরি ভিত্তিতে ডিইএমওতে জমা দেয়ার জন্য মৃতের পরিবারকে পরামর্শ | পরিচালক (অর্থ ও কল্যাণ), পরিচালক (আইআরপি) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) আর্থিক অনুদান সংক্রান্ত নথিসমূহ পরিচালক ও উপ-পরিচালকগণ যথাযথভাবে পরীক্ষা করে নিষ্পত্তি করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | (খ)আর্থিক অনুদান সংক্রান্ত নথিসমূহ পরিচালক ও উপ-পরিচালকগণ যথাযথভাবে পরীক্ষা করে নিষ্পত্তি করতে হবে। | |
| ৩.০ | ইআরপি সিস্টেম এ নতুন আইডি তৈরী এবং সফটওয়্যারে আংশিক সংশোধন। | (ক) বিভিন্ন প্রতিষ্ঠান ও প্রবাসী কর্মীর পরিবারের নিকট হতে সরাসরি এ দপ্তরে দাখিলকৃত পত্রাদি ইআরপি'র মাধ্যমে সংশ্লিষ্ট শাখায় প্রেরণের জন্য মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারীর নামের একটি আইডি তৈরী করা প্রয়োজন এবং প্রাপ্ত চিঠিপত্রসমূহ উক্ত আইডির মাধ্যমে সংশ্লিষ্ট নথি উপস্থাপকের নিকট প্রেরণ করবেন।<br>(খ) ইআরপি'র মাধ্যমে হিসাব শাখার কার্যক্রম পরিচালনায় উদ্ভূত সমস্যাসমূহ নির্ধারণপূর্বক সফটওয়্যারে প্রয়োজনীয় সংশোধন ও সংযোজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) সরাসরি এ কার্যালয়ে প্রাপ্ত চিঠিপত্র ইআরপি'র মাধ্যমে বিতরণের জন্য মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারীর নামে একটি আইডি খুলতে হবে এবং উক্ত আইডির মাধ্যমে চিঠিপত্রসমূহ সংশ্লিষ্ট নথি উপস্থাপকের নিকট প্রদান করতে হবে।<br>(খ) ইআরপি'র মাধ্যমে হিসাব শাখার কার্যক্রম পরিচালনায় উদ্ভূত সমস্যাসমূহ নির্ধারণপূর্বক সফটওয়্যারে প্রয়োজনীয় সংশোধন ও সংযোজন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও পরিচালক (আইআরপি) |
| ৪.০ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিধিমালা ও প্রবিধানমালার খসড়া উপস্থাপন। | ওয়েজ আর্নার্স বোর্ডের বিদ্যমান বিধিমালা এবং চাকরি প্রবিধানমালা সংশোধনের নিমিত্ত আগামী ৭ (সাত) দিনের মধ্যে মহাপরিচালক এর নিকট খসড়া উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী ৭ (সাত) দিনের মধ্যে কল্যাণ বোর্ডের বিধিমালা ও প্রবিধানমালার খসড়া মহাপরিচালক এর নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী চেক তৈরী। | প্রবাসী কর্মীর পরিবারকে কল্যাণ বোর্ড হতে ইআরপি সিস্টেম এর মাধ্যমে আর্থিক অনুদানের চেক প্রদানের ক্ষেত্রে ব্যাংক স্টেটম্যান্ট অনুযায়ী বাংলা ও ইংরেজী বানানে সমস্যা সৃষ্টি হওয়ায় অনেক সময় ব্যাংক হতে চেক ফেরত আসে, ফলে চেক প্রদানের বিষয়টি বিলম্বিত হয়। এমতাবস্থায়, ব্যাংক স্টেটম্যান্ট অনুযায়ী ইআরপিতে তথ্য এন্ট্রির বিষয়ে সভায় আলোচনা হয়। | ব্যাংক স্টেটম্যান্ট অনুযায়ী ইআরপিতে তথ্য এন্ট্রি করতে হবে এবং সে মোতাবেক চেক প্রস্তুত করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ৬.০ | কর্মকর্তা/কর্মচারীদের গ্রাচুইটি সংরক্ষণের জন্য তহবিল গঠন। | কল্যাণ বোর্ডে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের চাকরি শেষে গ্রাচুইটি প্রদান সংক্রান্ত কোন সুনির্দিষ্ট তহবিল না থাকায় উপপরিচালক জনাব মুহাম্মদ হাবিবুল্লাহ বাহার একটি তহবিল গঠনের বিষয়ে প্রস্তাব উপস্থাপন করেন। আলোচনান্তে মহাপরিচালক বলেন, প্রবাসী কল্যাণ ব্যাংক এ ধরণের একটি তহবিল গঠন করা হয়েছে, এতদসংক্রান্ত নীতিমালা সংগ্রহ করে অথবা গ্রাচুইটির তহবিল সংরক্ষণ সংক্রান্ত কোন প্রতিষ্ঠানের নীতিমালা ও পদ্ধতি সংগ্রহপূর্বক প্রস্তাব উপস্থাপনের জন্য মতামত ব্যক্ত করেন। | কর্মকর্তা/কর্মচারীদের চাকরি শেষে গ্রাচুইটি সংক্রান্ত একটি তহবিল গঠন করতে হবে এবং গ্রাচুইটি তহবিল গঠনের জন্য অনুরূপ প্রতিষ্ঠান হতে প্রয়োজনীয় নীতিমালা সংগ্রহপূর্বক একটি সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭.০ | কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সমস্যা সমাধান। | মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে উপ-পরিচালক জনাব মুহাম্মদ হাবিবুল্লাহ বাহার ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে একটি প্রস্তাব উপস্থাপন করেন।<br><br>প্রবাসী বাংলাদেশি কর্মীদের কল্যাণার্থে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীগণ অত্যাধুনিক ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে দ্রুততম সময়ে প্রবাসীদের দোর গোড়ায় সেবা পৌছে দেয়ায় বর্তমানে প্রতিষ্ঠানটির ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে এবং দেশে-বিদেশে স্বনামধন্য প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করেছে।<br><br>ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রকল্পের অধীনে এ প্রতিষ্ঠানটি ই-ফাইলিং এ প্রথম স্থান অধিকার করেছে, অত্যাধুনিক অটোমেশন প্রযুক্তি ব্যবহার ও ডিজিটাল প্রক্রিয়ায় সেবা প্রদান করে থাকে।<br><br>সরকার তথা মন্ত্রণালয়ের সরাসরি তত্ত্বাবধানে প্রতিষ্ঠানের কার্যক্রম উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে এবং বোর্ডের সকল কার্যক্রম বৃদ্ধির পাশাপাশি জনবল কাঠামোও বৃদ্ধি পেয়েছে। তাছাড়া ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৮ অনুমোদনের চূড়ান্ত পর্যায়ে রয়েছে।<br><br>এসকল কর্মকর্তা/কর্মচারীদের বসবাসের জন্য কোন আবাসন /স্টাফ কোয়ার্টার না থাকায় ঢাকার বিভিন্ন স্থানে ছড়িয়ে ছিটিয়ে ব্যক্তিমালিকানাধীন বাসায় অধিকহারে ভাড়া প্রদান করে অতীব কষ্টে জীবন যাপন করেন। সরকারের বিভিন্ন স্বায়ত্বশাসিত/ বোর্ড/ করপোরেশন/ ব্যাংক/ অন্যান্য প্রতিষ্ঠানের নিজস্ব আবাসন/ স্টাফ কোয়ার্টার রয়েছে। একইভাবে এ প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য আবাসন /স্টাফ কোয়াটার নির্মাণ করা প্রয়োজন।<br><br>প্রবাসীদের সেবায় নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের আবাসনের জন্য স্টাফ কোয়ার্টার নির্মাণ করা হলে কর্মকর্তা/কর্মচারীদের প্রদত্ত বাড়ি ভাড়া কর্তন করা হলে কল্যাণ বোর্ডের বিরাট অংকের অর্থ সাশ্রয় হবে । ফলে কর্মকর্তা/ কর্মচারীগণ নিরাপদে একটি সামাজিক বেষ্টনিতে বসবাস করে একে অপরের সাথে | কল্যাণ বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের আবাসনের সমস্যা সমাধানের নিমিত্ত ঢাকার অদূরে পূর্বাচল অথবা নিকটবর্তী স্থানে চাহিদা মোতাবেক জায়গা ক্রয় করে তদস্থলে আবাসন নির্মাণের সুযোগ আছে কী না তা পরীক্ষান্তে সুনির্দিষ্ট প্রস্তাবসহ পরবতী মাসিক সমন্বয় সভায় আলোচনা করার সিদ্ধান্ত হয়। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সহযোগিতা ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখতে পারবে। তাছাড়া বাসস্থানের একটি স্থায়ী সমাধান হলে সরকারি দায়িত্ব পালনে উৎসাহ, উদ্দীপনা ও অধিকতর কর্মস্পৃহা সৃষ্টি হবে।<br>এমতাবস্থায়,কর্মকর্তা/কর্মচারীদের আবাসনের সমস্যা সমাধানের নিমিত্ত পূর্বাচল অথবা নিকটবর্তী স্থানে চাহিদা মোতাবেক জায়গা ক্রয় করে তদস্থলে আবাসন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সবিনয় অনুরোধ করা হয়।<br>মহাপরিচালক উক্ত প্রস্তাবের সাথে সহমত পোষণ করেন এবং বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

**(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিষ্ট্রেটর/সিস্টেম এ্যাডমিনিষ্ট্রেটর, সার্ভার রুম, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(তথ্য-প্রযুক্তি, গবেষণা ও পরিকল্পনা) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৭।